



১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২২৭৯,

তারিখ : ১৪/০২/২০১৭

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের DeNovo রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/৫৬৭/২০১৭/৬২০, তারিখ : ০৯/০২/২০১৭

জনাব


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৫৮তম সভার সিদ্ধান্ত মোতাবেক বিএ এবং বিএসএস প্রোগ্রামের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত DeNovo রেজিস্ট্রেশনের বিষয়ে পরীক্ষা বিভাগ হতে গত ১১/০১/২০১৭ তারিখের ১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২২৪৭ স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত পত্রে DeNovo রেজিস্ট্রেশন করার জন্য কোর্স ফি ও পুনঃপরীক্ষার ফি জমাদানের কথা উল্লেখ ছিল।

২। পরবর্তীতে DeNovo রেজিস্ট্রেশনের ফি প্রদান সম্পর্কিত বাউবির প্রশাসন বিভাগ কর্তৃক জারিকৃত সূত্রে বর্ণিত স্মারকের অফিস আদেশে কোর্স ফি, পুনঃপরীক্ষার ফি, রেজিস্ট্রেশন ফি, নম্বরপত্র ফি, সনদপত্র ফি, প্রশংসাপত্র ফি এবং একাডেমিক ক্যালেন্ডার ফি জমা প্রদানের কথা উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। কোন শিক্ষার্থী উল্লিখিত অফিস আদেশ মোতাবেক ফি প্রদান না করে DeNovo রেজিস্ট্রেশনের জন্য আবেদন করে থাকলে তাদেরকেও অবশিষ্ট ফি প্রদান করতে হবে।

এমতাবস্থায়, বিষয়টি আপনার আওতাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টারসহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদসহ।



(এ. এস. এম. নোমান আলম)

পরীক্ষা নিয়ন্ত্রক (দায়িত্ব প্রাপ্ত)

বিতরণ : কার্যার্থে :

১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।

২। সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির Website এ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।

৩। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/কো-অর্ডিনেটিং অফিসার, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।

৪। প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতির জন্য :

১। ডীন, এসএসএইচএল, বাউবি।

২। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সংরক্ষণ নথি।